গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
কল্যাণ অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০১০.৩৩.০১.২৩-৩২৬

তারিখঃ ০২ কার্তিক ১৪৩০ / ১৮ অক্টোবর ২০২৩

## পরিপত্র

বিষয়: **ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে বীর মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।**

বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাগণ জীবন সায়াহ্নে বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হওয়ার পরিপ্রেক্ষিতে তাঁদের দেশের উপজেলা, জেলা বা বিভাগীয় পর্যায়ে অবস্থিত সকল পর্যায়ের সরকারি হাসপাতালে বা সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে বা অনুমোদিত বিশেষায়িত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা প্রদানের নিমিত্ত সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে 'বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২২' এর আওতায় বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা ও ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, শাহবাগ, ঢাকা এর মধ্যে গত ০৮ জানুয়ারি ২০২৩ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারক, নীতিমালা ও এ সংক্রান্ত পরিপত্রের আলোকে এ হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে। বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবার পরিধি বৃদ্ধির লক্ষ্যে বর্ণিত নীতিমালার সংশোধনী জারি করা হয়েছে যা গত ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বিদ্যমান নীতিমালা এবং এর সংশোধনীর আলোকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হল:

০২। **হাসপাতালে ভর্তি:** উপজেলা, জেলা ও বিভাগীয় শহরে অবস্থিত সরকারি হাসপাতাল বা সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে অসুস্থ বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা প্রদান সম্ভব না হলে ছাড়পত্রের মাধ্যমে বিশেষায়িত ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে ভর্তি করা যাবে বা ভর্তি হতে পারবে। তবে জরুরি চিকিৎসার প্রয়োজন হলে বা বিশেষ প্রেক্ষাপটে বিশেষায়িত হাসপাতাল হিসেবে ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে সরাসরি ভর্তি করা যাবে।

০৩। **হাসপাতালে ভর্তির ক্ষেত্রে প্রমাণক দাখিল:** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.molwa.gov.bd এ প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধাগণ বিনা খরচে চিকিৎসা সেবা পাবেন। অসুস্থ বীর মুক্তিযোদ্ধাকে হাসপাতালে ভর্তির পূর্বে বা চিকিৎসা চলাকালীন মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণক দাখিল করতে হবে। এক্ষেত্রে হাসপাতাল কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.molwa.gov.bd এ প্রকাশিত সমন্বিত তালিকা হতে বীর মুক্তিযোদ্ধার তথ্য যাচাই করতে পারবেন। সমন্বিত তালিকায় বীর মুক্তিযোদ্ধার নাম না থাকলে বা তথ্যাদি সঠিক না পাওয়া গেলে তিনি এ সুবিধা পাবেন না।

০৪। **চিকিৎসা সেবা প্রদান:** হাসপাতালে ভর্তিকৃত অসুস্থ বীর মুক্তিযোদ্ধার জন্য প্রয়োজনীয় ঔষধ সরবরাহসহ সর্বোত্তমভাবে সকল চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে। সকল ধরনের চিকিৎসা, পরামর্শ, বিভিন্ন টেস্ট, শল্য চিকিৎসা, হাসপাতাল কর্তৃক সরবরাহযোগ্য ঔষধ, বেড সরবরাহ, পথ্য এবং নার্সিং ইত্যাদি চিকিৎসা সেবার অন্তর্ভুক্ত হবে। ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে প্রদত্ত চিকিৎসা সেবার জন্য এ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ ব্যবহার করা যাবে। ভর্তিকালীন চিকিৎসার

জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনে নির্ধারিত এক বা একাধিক ঔষধের দোকান থেকে ঔষধ নেওয়া যাবে। মাসিকভিত্তিক যাচাই করে বিল পরিশোধ করা যাবে। ঔষধের মূল্য কোনো ক্রমেই খুচড়া মূল্যের বেশী হবে না। ক্ষেত্রমতে হাসপাতাল ত্যাগের সময় বীর মুক্তিযোদ্ধাদের ১৫ দিনের ঔষধ আগাম ক্রয় করে দেওয়া যাবে। উল্লিখিত চিকিৎসা সুবিধা শুধুমাত্র ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে ভর্তিকৃত অসুস্থ বীর মুক্তিযোদ্ধাকে (সমন্বিত তালিকাভুক্ত) প্রদান করা যাবে।

০৫। **চিকিৎসা ব্যয় মওকুফ ও ছাড়পত্র প্রদান:** ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউঠ, শাহবাগ, ঢাকায় চিকিৎসা প্রদান শেষে বীর মুক্তিযোদ্ধাকে চিকিৎসা ব্যয় মওকুফের ক্ষেত্রে নিম্নরূপভাবে সুবিধা প্রদান করা যাবে-

ক) ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, শাহবাগ, ঢাকায় সাধারণ রোগের চিকিৎসা শেষে বীর মুক্তিযোদ্ধাকে চিকিৎসা ব্যয় মওকুফের ক্ষেত্রে বাৎসরিক সর্বোচ্চ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে; এবং

খ) উপ-অনুচ্ছেদ (ক) বহাল থাকা সত্তেও বিশেষায়িত ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে জটিল রোগের চিকিৎসা এবং মুমূর্ষু রোগীর জরুরী অপারেশন ও চিকিৎসা প্রদানের ক্ষেত্রে উল্লিখিত পরিমাণের চেয়ে অধিক টাকার প্রয়োজন হলে হাসপাতাল কর্তৃপক্ষ বাৎসরিক সাকুল্যে সর্বোচ্চ **৩.০০ (তিন) লক্ষ টাকা** পর্যন্ত ব্যয় করতে পারবে। তবে শর্ত থাকে যে, চিকিৎসা সেবা প্রদানের পর এ সংক্রান্ত ব্যয় বিবরণী আবশ্যিকভাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৬। **চিকিৎসা ব্যয় নির্বাহ:**

ক) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য অর্থ বছরের শুরুতে বা প্রয়োজনে পরবর্তীতে প্রেরিত চাহিদাপত্রের আলোকে মন্ত্রণালয় থেকে হাট-বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ হতে ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, শাহবাগ, ঢাকা এর অনকূলে অর্থ বরাদ্দ করা হবে। বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ শেষ হলে অথবা ৭৫% অর্থ ব্যয় হলে নতুন বরাদ্দের চাহিদাপত্র প্রদান করা যাবে। অর্থ বছর শেষে বা চাহিদাপত্র প্রেরণের সময় বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী নির্ধারিত ছক মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। চাহিদাপত্র প্রেরণের পূর্বে চিকিৎসার মান ও ব্যয় যাচই কমিটির মাধ্যমে ব্যয় যাচাই করতে হবে। তহবিল সংকট বা অন্য কোনো অজুহাতে অসুস্থ বীর মুক্তিযোদ্ধার চিকিৎসা সেবা প্রদান কোনোভাবেই ব্যাহত করা যাবেনা।

(খ) বীর মুক্তিযোদ্ধাগণের স্ত্রী/স্বামী, সন্তানগণ বা অন্য কেউ এ সুবিধা প্রাপ্য হবেন না।

(গ) বীর মুক্তিযোদ্ধাগণকে কোনোভাবেই নগদে বা চেকের মাধ্যমে কোন অর্থ প্রদান করা যাবে না।

০৭। **চিকিৎসা সেবার মান ও ব্যয় যাচাই:**

ক) ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটে বীর মুক্তিযোদ্ধাকে সর্বোত্তমভাবে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে কিনা বা মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ বিধি-বিধান অনুসরণপূর্বক সঠিকভাবে ব্যয় করা হচ্ছে কিনা তা যাচাই-বাছাই বা নিরীক্ষা করা যাবে। এ লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের জন্য কমিটি:

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় -সভাপতি
(২)ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক -সদস্য
(৩) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যূনতম উপসচিব পদমর্যাদার) -সদস্য
(৪) মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/প্রশাসক এর প্রতিনিধি -সদস্য
(www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা)
(৫)মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি -সদস্য
(www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা)
(৬) ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের একজন উপযুক্ত কর্মকর্তা -সদস্য সচিব

খ) উক্ত কমিটি এ হাসপাতালে প্রদত্ত চিকিৎসার মান এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা যাচাইপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন।

গ) প্রতি **৬(ছয়)** মাসে একটি করে সভা আহ্বান করতে হবে। তবে বিশেষ কারণে সভা করার দরকার হলে সদস্য সচিব সভাপতির সাথে আলোচনাক্রমে যেকোনো সময় সভা আহবান করতে পারবে। কমিটির সদস্যগণ নীতিমালার অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৯) এর আলোকে প্রতি সভায় অংশগ্রহণের জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ হতে এ ব্যয় নির্বাহ করা যাবে।

০৮। **নিরীক্ষা কার্যক্রম:** সরকারি বিধি-বিধান মোতাবেক চিকিৎসা বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয় করা হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট স্থানীয় রাজস্ব নিরীক্ষা অধিদপ্তরের মাধ্যমে নিরীক্ষা করতে পারবেন। নিরীক্ষা প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং অর্থ ব্যয়ে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯। **আয়ন-ব্যয়ন কর্মকর্তা :** বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ খরচের লক্ষ্যে ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের প্রধান বা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

১০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে।

১৮/১০/২০২৬

মোঃ জাহাঙ্গীর আলম
উপসচিব (কল্যাণ)
ফোন: ০২-২২৩৩৫৮৭৮৮

প্রধান নির্বাহী কর্মকর্তা
ইব্রাহীম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট
শাহাবাগ, ঢাকা।

অনুলিপি কার্যার্থে:

১। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ/ঢাকাউত্তর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/ময়মনসিংহ/রংপুর/সিটি কর্পোরেশন;
২। বিভাগীয় কমিশনার (সকল)------------------------------------
৩। জেলা প্রশাসক (সকল) ...............................................
৪। সিভিল সার্জন (সকল) ---------------------------------------
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা ---------------------------------জেলা--------------------------------------
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), উপজেলা----------------------জেলা-----------------------------
-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা;
৩। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা- মাননীয় মন্ত্রীর সদয় অবগিতর জন্য;
৫। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬। সংরক্ষণ কপি।